**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/5/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# বিপর্যয়কর গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ের প্রভাব মোকাবেলার জন্য জন নিরাপত্তা সংক্রান্ত পরিকল্পনা প্রচেষ্টাসমূহ উন্নত করতে ঘূর্ণিঝড়ের সময়ে নিরাপদ জায়গায় সরে যাওয়া সম্পর্কিত নতুন অধ্যয়ন সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, এবং লোয়ার মিড-হাডসন অঞ্চল সহ গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ের দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকিতে থাকা এলাকাগুলোর প্রতি নজর দেওয়ার জন্য ঘূর্ণিঝড় বিষয়ক জাতীয় কর্মসূচি এই অধ্যয়নের জন্য অর্থায়ন করছে***

***ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি, যুক্তরাষ্ট্রের আর্মি কর্পস অব ইঞ্জিনিয়ার্স, ন্যাশনাল হারিকেন সেন্টার, এবং স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণকারী সংস্থাগুলোর মতো গুরুত্বপূর্ণ অংশীদাররা এই উদ্যোগের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে***

***নিউ ইয়র্ক স্টেটের সর্বশেষ ঘূর্ণিঝড়ের সময়ে নিরাপদ জায়গায় সরে যাওয়া সম্পর্কিত অধ্যয়ন পরিচালনা করা হয়েছিল 2009 সালে, স্যান্ডি, আইরিন, লি এবং আইডা এর মতো বিধ্বংসী গ্রীষ্মমণ্ডলীয় ঝড় আঘাত হানার আগে; এই অধ্যয়নে বন্যা এবং টর্নেডোর মতো বাড়তি বিপদ সম্পর্কিত পরিকল্পনাও বিশ্লেষণ করা হবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘূর্ণিঝড়ের সময়ে নিরাপদ জায়গায় সরে যাওয়া সম্পর্কিত নতুন অধ্যয়নের কথা ঘোষণা করেছেন যেটি বিপর্যয়কর গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ের দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকা নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, এবং লোয়ার মিড-হাডসন অঞ্চলের জন্য জন নিরাপত্তা বিষয়ক পরিকল্পনার প্রচেষ্টাসমূহ উন্নত করবে। ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency), যুক্তরাষ্ট্রের আর্মি কর্পস অব ইঞ্জিনিয়ার্স (U.S. Army Corps of Engineers), ন্যাশনাল হারিকেন সেন্টার (National Hurricane Center) এবং স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণকারী সংস্থাগুলোর সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ডের নাসাউ ও সাফোক কাউন্টিতে এবং ওয়েস্টচেস্টার কাউন্টিতে এই অধ্যয়ন পরিচালনা করবে। একটি বিপর্যয়কর গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ের প্রতি সাড়াদানের পরিকল্পনা উন্নত করার জন্য স্টেটের হালনাগাদকৃত HES ব্যবহার করা হবে, যার মধ্যে গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ের সাথে সম্পর্কিত সম্ভাব্য বিপদসমূহ যেমন বন্যা, টর্নেডো, ইত্যাদি মোকাবেলা, আশ্রয় প্রদানের সংস্থানসমূহ এবং পরিবহন সংক্রান্ত সমস্যাসমূহ, এবং সেইসাথে অন্যান্য জনগোষ্ঠীগত এবং আর্থসামাজিক বিষয় অন্তর্ভুক্ত থাকবে। 2009 সালের

পর থেকে এটি স্টেটব্যাপী পরিচালিত ঘূর্ণিঝড়ের সময়ে নিরাপদ জায়গায় সরে যাওয়া সম্পর্কিত প্রথম অধ্যয়ন।

"মিড-হাডসন থেকে শুরু করে লং আইল্যান্ডের পূর্ব প্রান্ত পর্যন্ত এবং এর মধ্যবর্তী অঞ্চলে আমাদের উপকূলীয় ও ইনল্যান্ড কমিউনিটিগুলোতে গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ও ঘূর্ণিঝড় যে বিধ্বংসী প্রভাব ফেলতে পারে সে ব্যাপারে নিউ ইয়র্কবাসীরা খুব ভালোভাবেই অবগত আছেন," **বলেছেন গভর্নর হোকল।** "আমার শীর্ষ অগ্রাধিকার হচ্ছে নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখা, এবং আমাদের কমিউনিটিগুলো এবং তাদের জরুরি অবস্থা নিয়ন্ত্রণকারীদের কাছে ভবিষ্যতের ঝড়গুলোর জন্য প্রস্তুতি নেওয়ার জন্য প্রয়োজনীয় জ্ঞান, সংস্থান ও হাতিয়ার থাকার বিষয়টি নিশ্চিত করতে আমরা আমাদের ফেডারেল অংশীদারদের এবং স্থানীয় সরকারগুলোর সাথে একসঙ্গে কাজ করবো।"

এই সপ্তাহের শুরুতে, গভর্নর হোকল এবং জাতীয় ঘূর্ণিঝড় কেন্দ্র নিউ ইয়র্ক স্টেটে ঘূর্ণিঝড়ের জন্য প্রস্তুতির সপ্তাহ ঘোষণা করেছে, যেটি 30 এপ্রিল থেকে 6 মে পর্যন্ত চলছে। এই বার্ষিক ক্যাম্পেইন নিউ ইয়র্কবাসীদেরকে ব্যক্তিগত জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতির পরিকল্পনা পর্যালোচনা করা এবং আটলান্টিক ঘূর্ণিঝড়ের মৌসুমের আগে গ্রীষ্মমণ্ডলীয় ঝড়সমূহ এবং সেগুলোর প্রভাব সম্পর্কে আগাম আরো তথ্য জেনে নেওয়ার কথা মনে করিয়ে দেয়।

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "ঘূর্ণিঝড় এবং গ্রীষ্মমণ্ডলীয় ঝড়গুলো এমন শক্তিশালী ঘটনা যেগুলো উপকূলীয় এবং অভ্যন্তরীণ এলাকায় বন্যা এবং বিপজ্জনক ঝড়ো হাওয়া দেখা দেওয়ার কারণ হয়ে থাকে, যার ফলে প্রায় ক্ষেত্রেই প্রাণহানি এবং উল্লেখযোগ্য অবকাঠামো ধ্বংস হওয়া, ব্যাপক পরিসরে বিদ্যুৎ বিভ্রাট দেখা দেওয়া, এবং কমিউনিটিগুলোতে বিঘ্ন তৈরি হওয়া ইত্যাদি দেখা যায়। পরবর্তী কয়েক বছর ধরে আমরা কোনো আসন্ন বিপজ্জনক গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ের ঘটনায় আপনাকে নিরাপদ রাখতে সাহায্য করবে এমন নিরাপদ জায়গায় সরে যাওয়ার রুট ও পরিকল্পনা হালনাগাদ করার জন্য আপনার স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণকারীদের সাথে একসঙ্গে কাজ করবো।"

ঘূর্ণিঝড় বিষয়ক জাতীয় কর্মসূচি, যার মধ্যে FEMA, USACE, ও NHC অন্তর্ভুক্ত রয়েছে, ঘূর্ণিঝড়ের সময়ে নিরাপদ জায়গায় সরে যাওয়া সংক্রান্ত অধ্যয়নের জন্য তহবিল প্রদান করবে। DHSES-এর অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) সম্প্রতি সরকারের সব সংশ্লিষ্ট ফেডারেল ও স্থানীয় অংশীদারের সঙ্গে এই অধ্যয়নের প্রথম দুইটি ধাপ - বিপদ ও ঝুঁকি বিশ্লেষণের কাজ শুরু করেছে। অধ্যয়নের এসব ধাপ আগামী শরতকালে সম্পন্ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

**FEMA অঞ্চল 2-এর অ্যাডমিনিস্ট্রেটর ডেভিড ওয়ারিংটন বলেন,** "স্টেটব্যাপী ঘূর্ণিঝড়ের সময়ে নিরাপদ জায়গায় সরে যাওয়া সংক্রান্ত অধ্যয়ন হালনাগাদ করা কতটা গুরুত্বপূর্ণ তা FEMA স্বীকার করে। স্থানীয় ও স্টেট পর্যায়ের জরুরি অবস্থা নিয়ন্ত্রণকারীদেরকে নিজেদের কমিউনিটির জন্য অবহিত সিদ্ধান্ত গ্রহণ করতে সহায়তা করার ক্ষেত্রে একটি ভূমিকা পালন করতে পেরে আমরা আনন্দিত। ভবিষ্যতের ঝড়গুলোর জন্য তাদের প্রস্তুতি গ্রহণের প্রচেষ্টায়

আমরা সহায়তা করা চালিয়ে যাবো, কারণ এধরনের কাজ সম্পন্ন করার জন্য সরকারের সব স্তরের অংশীদারিত্বের প্রয়োজন হয়।"

**যুক্তরাষ্ট্রের আর্মি কর্পস অব ইঞ্জিনিয়ার্স-এর নিউ ইয়র্ক ডিস্ট্রিক্ট কমান্ডার কর্নেল ম্যাথিউ লুজাটো বলেন**, "নিউ ইয়র্ক স্টেটের অধিবাসীরা যাতে ভবিষ্যতের ঘূর্ণিঝড় ও গ্রীষ্মমণ্ডলীয় ঘূর্ণিঝড় মোকাবেলার জন্য প্রস্তুত থাকেন তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করতে নিউ ইয়র্ক স্টেটের জন্য এই নতুন অধ্যয়ন প্রচেষ্টায় সহায়তা করতে পেরে নিউ ইয়র্ক ডিস্ট্রিক্ট আনন্দিত। এধরনের বৃহৎ পরিসরের কর্মপ্রচেষ্টা বাস্তবায়নের ক্ষেত্রে অংশীদারিত্ব একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং আমি ঘূর্ণিঝড়ের সময়ে নিরাপদ জায়গায় সরে যাওয়া এবং অন্যান্য বিরূপ আবহাওয়ার সাথে সম্পর্কিত এই অঞ্চলের সবচেয়ে কঠিন কিছু চ্যালেঞ্জ সমাধান করার জন্য নিউ ইয়র্ক স্টেটে ও FEMA-তে আমাদের অংশীদারদের সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "আমরা জানি যে ঘূর্ণিঝড়ের মতো চরম বিরূপ আবহাওয়া আরো বেশি শক্তিশালী, আরো বেশি ক্ষতিকর এবং আরো বেশি নিয়মিত হয়ে উঠছে। জলবায়ু পরিবর্তন এগিয়ে যাওয়ার এই সময়ে, কোন এলাকাগুলোতে বন্যা ও ক্ষয়ক্ষতি হওয়ার ঝুঁকি সবচেয়ে বেশি তা জানা থাকা ভবিষ্যতের জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি নিতে এবং সাড়াদান করতে আমাদেরকে সাহায্য করবে এবং জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতির ব্যাপারে এই প্রশাসনের বিনিয়োগের সঙ্গে যোগ হবে। আগামী বছরগুলোতে নিউ ইয়র্ক সিটিকে সুরক্ষিত রাখতে সাহায্য করতে যাওয়া এই অধ্যয়ন চালু করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

**সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোনে বলেন,** "একটি দ্বীপ হিসেবে, পানি আমাদের জীবনযাপনের পদ্ধতিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে এবং চরম বিরূপ আবহাওয়া ক্রমশ বৃদ্ধি পাওয়ার এই নতুন বাস্তবতার সময়ে, আমাদের এটা ভেবে সন্তুষ্ট থাকলে চলবে না যে ঝড় মোকাবেলার পুরোনো উপায়গুলো যথেষ্ট হবে। লং আইল্যান্ডের অধিবাসীরা আরেকটি বিপজ্জনক ঝড় আঘাত হানার সময়ে নিরাপদ ও প্রস্তুত থাকা নিশ্চিত করার জন্য তার অব্যাহত প্রচেষ্টার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

**নাসাউ কাউন্টির এক্সিকিউটিভ ব্রুস ব্লেকম্যান বলেন,** "আমরা যাতে ঘূর্ণিঝড়, তুষারঝড় এবং জনসাধারণের নিরাপত্তার জন্য অন্যান্য বিপদ সহ জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত থাকতে পারি তা নিশ্চিত করতে নাসাউ কাউন্টি গভর্নর হোকলের সঙ্গে কাজ করছে।"

**ওয়েস্টচেস্টার কাউন্টির এক্সিকিউটিভ জর্জ লাটিমার বলেন,** "আসন্ন ঘূর্ণিঝড়ের মৌসুমের জন্য প্রস্তুতি নেওয়ার এই সময়ে, আমাদেরকে অবশ্যই সতর্ক থাকতে হবে এবং আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ রাখার জন্য স্বতস্ফূর্তভাবে সচেষ্ট থাকতে হবে। ঘূর্ণিঝড়ের সময়ে নিরাপদ জায়গায় সরে যাওয়া সম্পর্কিত নতুন অধ্যয়নটি একটি বিধ্বংসী ঝড়ের সময়ে আমাদের সাড়াদান ও পরিকল্পনার প্রচেষ্টাসমূহ উন্নত করার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ জ্ঞান ও সংস্থানসমূহ প্রদান করবে। গুরুতর বিরূপ আবহাওয়ার প্রভাব থেকে ওয়েস্টচেস্টারের সব

অধিবাসীর নিরাপত্তা নিশ্চিত করার জন্য আমরা অঙ্গীকারাবদ্ধ রয়েছি এবং আমাদের স্টেটের নিরলস কাজের জন্য আমরা তাদেরকে ধন্যবাদ জানাই।"

**নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে**

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস সন্ত্রাসের ঘটনা, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নিকাণ্ড এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর জন্য প্রস্তুতি নেওয়া, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে সেরে উঠার প্রচেষ্টাগুলোর জন্য নেতৃত্ব, সমন্বয়, ও সহায়তা প্রদান করছে। আরো তথ্যের জন্য ফেসবুক পেজ (Facebook page) দেখুন, টুইটারে (Twitter) এ @NYSDHSES ফলো করুন, বা dhses.ny.gov দেখুন।

###


আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418



আনসাবস্ক্রাইব করুন